



# BANGLADESH GARMENT MANUFACTURERS & EXPORTERS ASSOCIATION (BGMEA)

"Made in Bangladesh with Pride"

BGMEA Complex, House # 7/7A, Block # H 1, Sector 17, Uttara, Dhaka-1230, Tel.: 09638012345

Ref: বিজিএ/হেলথ/২০২১/৪১

০৩ এপ্রিল ২০২১

**প্রতি: সকল সম্মানিত সদস্য**

**লকডাউন সময়ে স্বাস্থ্যবিধি পরিপালনের শর্তে কারখানা খোলা রাখা প্রসঙ্গে।**

করোনার সংক্রমন বৃদ্ধির প্রেক্ষিতে সরকার আগামী ৫ এপ্রিল ২০২১ তারিখ থেকে সারা দেশে লকডাউন ঘোষণা করেছে। বিজিএমইএ ম্যানেজমেন্টের সাথে সরকারের আলোচনার প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সরকার লকডাউন পিরিয়ডে স্বাস্থ্য সুরক্ষা গাইডলাইন পরিপালনের শর্তে তৈরী পোশাক কারখানা খোলা রাখার অনুমতি দিয়েছে। এ প্রেক্ষিতে লক ডাউন সময়কালে নিম্নবর্ণিত বিষয়ে যথাসমীচিন কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

ক। লক ডাউন চলাকালীন সময়ে গণপরিবহন বন্ধ থাকবে। এ প্রেক্ষিতে কারখানার শ্রমিক কর্মচারীদের স্টাফ বাস/ নিজস্ব যানবাহনে আনা-নেয়ার সময় স্বাস্থ্যবিধি কঠোরভাবে অনুসরণ করতে হবে।

খ। স্থানীয় স্বাস্থ্য সেবা কেন্দ্র সমূহের সাথে নিবিড় যোগাযোগ রাখতে হবে। কোন শ্রমিক কর্মচারী অসুস্থ হলে নিজস্ব ব্যবস্থায় স্বাস্থ্য সেবা কেন্দ্রে স্থানান্তর করতে হবে এবং চিকিৎসার ব্যবস্থা করতে হবে।

গ। লক ডাউন পিরিয়ডে রেলপথ, সড়কপথ, অভ্যন্তরিন আকাশপথ এবং পানিপথ বন্ধ থাকবে বিধায় শ্রমিক কর্মচারীদের মুভমেন্টের ক্ষেত্রে সরকার অনুসৃত পলিসি অনুসরণ করতে হবে।

ঘ। দাপ্তরিক কার্যক্রম যত কম সংখ্যক সম্ভব কর্মচারী দ্বারা পরিচালনা করতে হবে।

ঙ। স্বাস্থ্যবিধি পরিপালন বিষয়ে সরকার কর্তৃক জারীকৃত গাইডলাইন এবং বিজিএমইএ'র নিম্নবর্ণিত সার্কুলারে বর্ণিত নির্দেশাবলী অনুসরণ করতে হবে।

১। সার্কুলার নং: বিজিএ/হেলথ/২০২১/২০৩৮ তাং: ৩০ মার্চ ২০২১।

২। সার্কুলার নং: বিজিএ/হেলথ/২০২১/৩৮ তাং: ৩১ মার্চ ২০২১।

৩। সার্কুলার নং: বিজিএ/হেলথ/২০২১/৩৯ তাং: ০৩ এপ্রিল ২০২১।

ধন্যবাদান্তে,

কমডোর মোহাম্মদ আবদুর রাজ্জাক (অবঃ)

এনইউপি, এনডিসি, পিএসসি, এমফিল

সচিব